

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৭.২০.৮৮৭

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১
১৩ নভেম্বর ২০২৪

পরিপত্র

বিষয়: মাঠ পর্যায়ে রাজস্ব প্রশাসনে কর্মরত কর্মচারীদের বদলি সংক্রান্ত।

সকল নাগরিকের জন্য নিরবচ্ছিন্ন, জনবান্ধব ও হয়রানিমুক্ত ভূমি সেবা নিশ্চিত করা জরুরি। এ লক্ষ্যে অন্তর্বর্তী সরকার ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়ন ও সেবা প্রদান পদ্ধতি সহজিকরণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। সরকারি কর্মচারীগণের মাধ্যমে এসব সেবা প্রদান করা হচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় কর্মচারী একই কর্মস্থলে দীর্ঘদিন যাবৎ কর্মরত রয়েছেন।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে মাঠ পর্যায়ে ভূমি পরিসেবায় স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠাসহ জনবান্ধব ভূমি পরিসেবায় জনদুর্ভোগ ও হয়রানি পরিহারের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের অধীন ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের ভূমি রাজস্ব প্রশাসন এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন একই কর্মস্থলে দীর্ঘদিন ধরে কর্মরত (১০ম গ্রেড হতে ২০তম গ্রেডের) কর্মচারীগণকে ঐ কর্মস্থল হতে অন্যত্র বদলি করা সমীচীন বলে প্রতীয়মান হচ্ছে।

০৩। বর্ণিতাবস্থায়, ভূমি মন্ত্রণালয়ের অধীন ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের ভূমি রাজস্ব প্রশাসন এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের আওতাধীন একই কর্মস্থলে দীর্ঘদিন ধরে কর্মরত কর্মচারীগণকে ঐ কর্মস্থল হতে অন্যত্র বদলির ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি অনুসরণ করতে হবে:

- ক) মাঠ পর্যায়ে ভূমি রাজস্ব প্রশাসন এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কর্মচারীগণের জন্য পর্যায়ক্রমে সকল বিষয়ে কাজ করার সুযোগ দেয়া;
 - খ) মাঠ পর্যায়ে জনবান্ধব ভূমিসেবা প্রতিষ্ঠার উদ্দেশ্যে জনগণের দুর্ভোগ ও হয়রানি পরিহারের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের কর্মচারীগণের মধ্যে যিনি বা যারা একই কর্মস্থলে বা একই শাখায় ৩ (তিন) বৎসরের অধিককাল কর্মরত আছেন, তাদের কর্মস্থল বা শাখা পরিবর্তন বা অন্যত্র বদলি করা;
 - গ) দুর্গম বা প্রতিকূল যোগাযোগসম্পন্ন এলাকায় কর্মরত কর্মচারীগণের চাকরির মেয়াদ ২ (দুই) বছর হলেই তাকে অন্যত্র বদলি করা; এবং
 - ঘ) শারীরিক অসুস্থতা বা নৈতিক স্বলনজনিত বা সুনির্দিষ্ট বা যুক্তিসঙ্গত কারণে নির্ধারিত সময়ের পূর্বে কোন কর্মচারীকে অন্যত্র বা আন্তঃজেলা বদলি করা হলে, জেলা প্রশাসক এবং ক্ষেত্রমত বিভাগীয় কমিশনার কর্তৃক বদলির কারণ দ্রুততম সময়ের মধ্যে প্রতিবেদন আকারে ভূমি মন্ত্রণালয়ে দাখিল করা।
- ০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

তারিখ-১৩/১১/২০২৪

(এ এস এম সালেহ আহমেদ)

সিনিয়র সচিব

ফোন: +৮৮০২৫৫১০১১৩১

ইমেইল- secretary@minland.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা;
- ২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
- ৩। বিভাগীয় কমিশনার..... (সকল);
- ৪। জেলা প্রশাসক..... (সকল);


নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১৯.০২৭.২০.৮৮৭(১০০০)

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১
১৩ নভেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়;
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

- ৩। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, কাঁটাবন, ঢাকা;
- ৬। উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)/ উপভূমি সংস্কার কমিশনার (সকল);
- ৮। চার্জ অফিসার (সকল);
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ১০। সহকারী কমিশনার (ভূমি) (সকল);
- ১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ✓ ১২। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১৩। অফিস কপি/মাস্টার কপি।


(হেমন্ত হেনরী কুবি)
উপসচিব